



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

BANGLADESH POWER DEVELOPMENT BOARD

তদন্ত ও শৃংখলা পরিদপ্তর
ওয়াপদা ভবন (১০ম তলা)
মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০

স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১৬.১৯-১০৩

তারিখঃ- ২৭/০৭/২০২১ইং

(১) জনাব এস, শাফায়েত জায়েদ রনি,
সহকারী প্রকৌশলী,
ফরিদপুর ৫০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র,
বিউবো, ফরিদপুর।

(২) জনাব এস, শাফায়েত জায়েদ রনি,
ব্লক নং-বি,
বাসা নং-১১৪, নতুন উপশহর,
যশোর সদর, যশোর।

বিষয়ঃ- চাকুরী হইতে বরখাস্ত এর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, জনাব এস, শাফায়েত জায়েদ রনি, সহকারী প্রকৌশলী, ফরিদপুর ৫০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, ফরিদপুর এর বিরুদ্ধে ০৬/১২/২০১৮ইং তারিখ হইতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগে স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১৬.১৯-১৩৬ তারিখ-২১/০৫/২০১৯ইং মোতাবেক কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তাহার বিরুদ্ধে ০৭/০৭/২০১৯ইং তারিখের স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১৬.১৯-২০০ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৮২ এর ১৩৮ (এ) ও (সি) বিধি মোতাবেক “কর্তব্যে অবহেলা” ও “অসদাচরণ” এর দায়ে অভিযোগনামা জারীপূর্বক উক্ত অভিযোগ তদন্ত করার জন্য একই তারিখের স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১৬.১৯-২০১ দ্বারা একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তিনি তদন্তকারী কর্মকর্তার নিকট তাহার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদান করেন নাই এবং ব্যক্তিগত গুণানীতে অংশ গ্রহণ করেন নাই;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আলোচ্য অভিযুক্ত কর্মকর্তা এর তদন্ত সম্পন্ন করিয়া তাহার বিরুদ্ধে আনীত কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রতিষ্ঠিত উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছেন; এবং

যেহেতু, কর্তৃপক্ষ আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পেশকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগ সংক্রান্ত কাগজপত্র ও আনুষাঙ্গিক বিষয়াদি বিচার বিবেচনাপূর্বক স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১৬.১৯-২০০ তারিখ-০৭/০৭/২০১৯ইং মোতাবেক তাহার বিরুদ্ধে আনীত অভিযোগের জন্য তাহাকে দোষী সাব্যস্ত করতঃ প্রতিষ্ঠিত অভিযোগের গুরুত্ব বিবেচনাক্রমে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির জন্য চাকুরী হইতে বরখাস্ত এর শাস্তি আরোপ করার অন্তর্বর্তীকালীণ সিদ্ধান্ত গ্রহণ করিয়া উক্ত শাস্তি কেন আরোপ করা হইবে না ইহার কারণ দর্শানোর দ্বিতীয় সুযোগ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন।

সেহেতু, এক্ষণে অভিযুক্ত জনাব এস, শাফায়েত জায়েদ রনি, সহকারী প্রকৌশলী, ফরিদপুর ৫০ মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, ফরিদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় (তদন্ত প্রতিবেদনের ফটোকপি সংযুক্ত) তাহাকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৮২ এর ১৩৯ (১) ও (এইচ) নং বিধি মোতাবেক অননুমোদিতভাবে অনুপস্থিতির জন্য বিউবো'র চাকুরী হইতে বরখাস্ত এর শাস্তি কেন আরোপ করা হইবে না অত্র নোটিশ জারীর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে তাহার কারণ দর্শানোর দ্বিতীয় সুযোগ প্রদান করা হইল। নির্ধারিত সময়ের মধ্যে তাহার নিকট হইতে কোন জবাব না পাওয়া গেলে তাহার বিরুদ্ধে একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

বিদ্যুৎ/জন-

২৩) (২) ২৮৭৭১২২

নির্দেশক্রমে,
২৭/০৭/২০২১

(আফরোজা সুলতানা)

উপ-পরিচালক-২

আইডি নং-০২--১১৩,

তদন্ত ও শৃংখলা পরিদপ্তর,

বিউবো, ঢাকা।

স্বাক্ষরিত

২৮/০৭/২০২১

মোবাম্বাদ শামীম হাসান
উপ-পরিচালক, জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
স্মারক নং-৮-০০০৫

২৮/০৭/২১